

ওয়েজ আনার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউ.এস ডলার ইনভেস্টমেন্ট বন্ডে
বিনিয়োগের ক্ষেত্রে সর্বশেষ প্রদত্ত সুবিধাসমূহ

ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড

৩০ জুন/২০১২ তারিখের পূর্বের সুবিধাসমূহ	০১ জুলাই/২০১২ হতে প্রদত্ত সুবিধাসমূহ
১। বাংলাদেশী ব্যাংকসমূহের বিদেশে কার্যরত এন্ডচেঞ্জ কোম্পানীর মাধ্যমে বন্ড বিক্রয় করার সুযোগ ছিলনা।	১। অন্যান্য ইস্যু অফিসের পাশাপাশি বাংলাদেশী ব্যাংকসমূহের বিদেশে কার্যরত এন্ডচেঞ্জ কোম্পানীর মাধ্যমেও বন্ড বিক্রয় করা যাবে।
২। বন্ড ক্রয়ের জন্য পাসপোর্ট এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস হতে সত্যায়ন করা বাধ্যতামূলক ছিল।	২। বর্তমানে বন্ড ক্রয়ের জন্য পাসপোর্ট এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস হতে সত্যায়ন করার পরিবর্তে প্রবাসী বাংলাদেশীগণ কেবল তাদের পাসপোর্টের কপি প্রদান করে এবং বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী পাসপোর্টধারী নাগরিকগণ 'No Visa Required' সীল সম্বলিত পাসপোর্টের কপি প্রদান করে বন্ড ক্রয় করতে পারবেন।
৩। মৃত্যু-ঝুঁকি সুবিধা হিসেবে প্রাপ্ত অর্থ বিদেশে ফেরৎ নেয়ার সুযোগ ছিলনা।	৩। মৃত্যু-ঝুঁকি সুবিধা হিসেবে প্রাপ্ত অর্থ বন্ডের ধারক কর্তৃক নির্ধারিত নমিনী অথবা নমিনীর অবর্তমানে বৈধ উত্তরাধিকারীগণ দেশে টাকায় অথবা সমমূল্য বৈদেশিক মুদ্রায় বিদেশে নিয়ে যেতে পারবেন।